

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০৬

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ বাড়িতে টয়লেট না থাকলে মেয়েদের জন্য প্রকৃতির ডাকে সাড়া দেওয়ার জন্য খোলা জায়গায় গমন করা যায়েয

ذِكْرُ الْإِبَاحَةِ لِلنِّسَاءِ أَنْ يَخْرُجْنَ إِلَى الصَّحَارِي للبَرازِ عِنْدُ عَدَمِ الكُنُف فِي بُيُوتِهِنَّ

## আরবী

1406 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ وَعُمَرُ بْنُ مُحَمَّدٍ قَالَا: حَدَّثَنَا نَصِرُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عن عائشة عَلِي الْجَهْضَمِيُّ قَالَ: حَدَّثَنَا الطُّفَاوِيُّ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عُرْوَةَ عَنْ أَبِيهِ: عن عائشة قالت: كَانَتْ سَوْدَةُ بِنْتُ زَمْعَةَ امْرَأَةً جَسِيمَةً وَكَانَتْ إِذَا خَرَجَتْ لِحَاجَتِهَا بِاللَّيْلِ قَالت: كَانَتْ سَوْدَةُ بِنْتُ زَمْعَةَ امْرَأَةً جَسِيمَةً وَكَانَتْ إِذَا خَرَجَتْ لِحَاجَتِهَا بِاللَّيْلِ أَشْرَفَتْ عَلَى النِّسَاءِ فَرَآهَا عُمَرُ بْنُ الْخَطَّابِ فَقَالَ: انْظُرِي كَيْفَ تَخْرُجِينَ فَإِنَّكِ وَاللَّهِ مَا تَخْفُيْنَ عَلَيْنَا إِذَا خَرَجْتِ فَذَكَرَتْ ذَلِكَ سَوْدَةُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَفِي يَدِهِ عَرْقٌ تَخْرِجِنَّ فَقَالَ: (إِنَّ اللَّهُ قَدْ جَعَلَ لَكُنَّ رُخْصَةً أَنْ تخرجنَّ لِحَوَائِجِكُنَّ)

الراوي: عائشة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1406 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৪০৬. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "সাওদা বিনতু যাম'আহ রাদ্বিয়াল্লাহু আনহা স্বাস্থ্যবান নারী ছিলেন, তিনি যখন রাতে হাজত সারার জন্য বাইরে বের হতেন, তখন তাকে অন্যান্য নারীদের চেয়ে উচু দেখাতো। একবার উমার রাদ্বিয়াল্লাহু আনহু তাকে দেখে বলেন, "দেখুন, আপনি কিভাবে বের হচ্ছেন, আল্লাহর কসম, যখন আপনি বের হন, তখন আপনি আমাদের কাছে গোপন থাকেন না।" অতঃপর সাওদা রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ব্যাপারটি বলেন, এসময় তার হাতে ছিল একটি মাংসল হাডিড ছিল, তিনি হাডিডটি রেখে না দিতেই অহী অবতরণ সম্পন্ন হয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই আল্লাহ তা'আলা তোমাদের জন্য প্রয়োজনে বাইরে বের হওয়া বৈধ করেছেন।"[1]



## ফুটনোট

[1] সহীহ েইবনু খুযাইমাহ: ৫৪; মুসনাদ আহমাদ: ৬/৫৬; সহীহ আল বুখারী: ১৪৭; সহীহ মুসলিম: ২১৭০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে উত্তম বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল জিলবাব: ১০৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন